

💵 ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ ঈমান

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

প্রশ্ন: (৬৩) রিযিক এবং বিবাহ কি লাওহে মাহফুজে লিখিত আছে?

উত্তর: আল্লাহ তা'আলা যেদিন কলম সৃষ্টি করেছেন, সেদিন থেকে কিয়ামত পর্যন্ত যত মাখলুকাত সৃষ্টি হবে, সবই লাওহে মাহফূজে লিপিবদ্ধ আছে। আল্লাহ তা'আলা কলম সৃষ্টি করে বললেন, লিখ। কলম বলল, হে আমার প্রতিপালক! আমি কি লিখব? আল্লাহ তা'আলা বললেন, কিয়ামত পর্যন্ত যা কিছু হবে সব লিখে ফেল। সে সময় কিয়ামত পর্যন্ত যা কিছু পৃথিবীর বুকে সংঘটিত হবে, কলম সব কিছুই লিখে ফেলল।[1]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে সহীহ সূত্রে বর্ণিত হয়েছে, ক্রন মাতৃগর্ভে চার মাস অতিবাহিত হওয়ার পর আল্লাহ তা'আলা একজন ফিরিশতা প্রেরণ করেন। ফিরিশতা তার মধ্যে রূহ ফুঁকে দেন এবং লিখে দেন তার রিযিক, বয়স এবং তার কাজ অর্থাৎ সৌভাগ্যবান হবে না দুর্ভাগা হবে। রিযিক লিখা আছে এবং কীভাবে অর্জন করবে, তাও লিখা আছে। রিযিক অম্বেষণের সাথ সাথে রিযিক অম্বেষণের উপকরণও লিপিবদ্ধ আছে। আল্লাহ বলেন,

[الملك: ١٥] ﴿ هُوَ ٱلَّذِي جَعَلَ لَكُمُ ٱلسَّارِ الملك: ١٥] ﴿ هُوَ ٱلَّذِي جَعَلَ لَكُمُ ٱلسَّارِ وَلَا فَاما اللهِ المَّلُولُ فَا ما اللهُ اللهُ وَكُلُوا مِن رِزا قِهِ وَإِلَيا اللهُ اللهُ اللهُ اللهُ ﴿ هُوَ ٱلَّذِي جَعَلَ لَكُمُ ٱلسَّارِ الملك: ١٥ (الملك: ١٥) "آهِ وَ الله اللهُ الل

রিযিক পাওয়ার এবং তা বৃদ্ধি হওয়ার অন্যতম মাধ্যম হলো, পিতা-মাতার সাথে সৎ ব্যবহার করা এবং আত্মীয়তার সম্পর্ক বজায় রাখা। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন,

"যে ব্যক্তি চায় যে, তার রিযিক বাড়িয়ে দেওয়া হোক এবং বয়স বাড়িয়ে দেওয়া হোক, সে যেন আত্মীয়তার সম্পর্ক বজায় রাখে।"[2]

রিযিক বৃদ্ধির আরো মাধ্যম হলো তাকওয়া বা আল্লাহর ভয়। আল্লাহ তা'আলা বলেন,

(الطلاق: ۲، ۳) هُوَمَن يَتَّقِ ٱللَّهَ يَجِاعَل لَّهُ اَ مَخَارَجًا ٢ وَيَرااَزُقَالُهُ مِن حَياتَثُ لَا يَحاتَسِبُ ﴿ الطلاق: ٢، ٣) الطلاق: ٢ من يَتَّقِ ٱللَّهَ يَجِاعَل لَّهُ اللهِ اللهُ ا

এমন বলা যাবে না যে, রিযিক যেহেতু নির্ধারিত আছে সুতরাং আমি এর উপকরণ অনুসন্ধান করব না। এটা বোকামীর পরিচয়। বুদ্ধিমানের পরিচয় হলো রিযিক এর জন্য এবং দীন-দুনিয়ার কল্যাণ অর্জনের জন্য প্রচেষ্টা চালানো। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন,

«الْكَيِّسُ مَنْ دَانَ نَفْسَهُ وَعَمِلَ لِمَا بَعْدَ الْمَوْتِ وَالْعَاجِزُ مَنْ أَتْبَعَ نَفْسَهُ هَوَاهَا وَتَمَنَّى عَلَى اللَّهِ»



"বুদ্দিমান সেই ব্যক্তি, যে নিজের হিসাব নিল এবং পরকালের জন্য আমল করল। অক্ষম ও নির্বোধ সেই ব্যক্তি, যে নিজের কুপ্রবৃত্তির অনুসরণ করল এবং আল্লাহর ওপর ভরসা করে বসে থাকল।"[3]রিযিক যেভাবে লিপিবদ্ধ আছে, বিবাহ করাও নির্ধারিত রয়েছে। এ পৃথিবীতে কে কার স্বামী বা স্ত্রী হবে, তাও নির্দিষ্ট রয়েছে। আসমান-জমিনের কোনো কিছুই আল্লাহর কাছে গোপন নয়।

ফুটনোট

- [1] মুসনাদে আহমাদ।
- [2] সহীহ মুসলিম, অধ্যায়: আল বির ওয়াস সিলাহ।
- [3] তিরমিযী, অধ্যায়: কিতাবু সিফাতিল কিয়ামাহ।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=595

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন